

| উপকারভোগীদের সংখ্যা | ২০২০-২১ অর্থবছরে গ্রহণ করেছে | ২০২১-২২ অর্থবছরে গ্রহণ করেছে |
|---|---|---|
| | ৩৪,৯৭,৩৫৩ | ৪৭,৬২,০২৪ |

| | ম্যানুয়াল পদ্ধতি | ইএফটি পদ্ধতি | ইএফটি পদ্ধতির প্রভাব |
|---|---|---|---|
| সময় | ২৫ দিন | ৩ দিন | ২২ দিন |
| খরচ | ৫৫০ টাকা | ০ টাকা | ৫৫০ টাকা |
| যাতায়াত | ২ বার | ০ বার | ২ বার |

## ইএফটি পদ্ধতির সুবিধাসমূহ

- স্বল্পতম সময়ে আর্থিক সহায়তা প্রদান
- নিরাপত্তা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ
- দ্বৈততা পরিহার
- যেকোন স্থানে যেকোন সময় সহায়তা গ্রহণ


ইম্প্রুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অব BACS & iBAS++

স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ibas.finance.gov.bd

iBAS++ point

Institution of Engineers Bangladesh (IEB)
4th Floor, Ramna, Dhaka-1000

88 02 55110546-55
E-mail: info@ibas.gov.bd


April-2022

# জি2পি:

## করোনায় নগদ আর্থিক সহায়তা প্রদান

iBAS++

কোভিড-১৯ নামক করোনা ভাইরাস ২০১৯ সাল হতে বৈশ্বিক দুর্যোগ হিসেবে সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। মানুষের জন্য সংক্রামক গুরুতর তীব্র শ্বাসযন্ত্রীয় সমস্যা সৃষ্টিকারী এ ভাইরাসের প্রাদুর্ভাবে সারা বিশ্বে মানুষের সাধারণ জীবন থেকে শুরু করে অর্থনীতি, জীবন-জীবিকা ও  শিক্ষা কার্যক্রম প্রবলভাবে ব্যাহত হয়। বাংলাদেশে কোভিড-১৯ রোগে আক্রান্ত ব্যক্তির কথা প্রথম জানা যায় ৮ মার্চ, ২০২০ তারিখে। উন্নত দেশগুলো যেখানে করোনার সাথে যুদ্ধে বিপর্যস্ত সেখানে উন্নয়নশীল দেশের ওপর এ ভাইরাসের প্রভাব আরও ব্যাপক। তবে উন্নয়নশীল রাষ্ট্র হলেও বাংলাদেশ এ মহামারী মোকাবেলায় টিকে থাকার যুদ্ধে সফল হয়েছে।

করোনা ভাইরাসের বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর সরাসরি তত্ত্বাবধানে ও দিক নির্দেশনায় সরকার বিভিন্ন কৌশলগত কর্মসূচি নিয়ে একটি কর্মপরিকল্পনা গ্রহণ করে। এরই অংশ হিসাবে করোনা মহামারিতে বেকার হয়ে যাওয়া নিম্ন আয়ের ক্ষুদ্র পেশাজীবী ও দরিদ্র জনগোষ্ঠীকে  সরাসরি নগদ অর্থ সহায়তা কর্মসূচি গ্রহণ করা হয় যা নিম্ন আয়ের মানুষের জীবন ও দেশের অর্থনীতির চাকা সচল রাখতে সহায়তা করেছে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের এসপিএফএমএস কর্মসূচির আওতায় উন্নয়নকৃত “ইন্টিগ্রেটেড বাজেট এবং অ্যাকাউন্টিং সিস্টেম” (iBAS++) এর মাধ্যমে ইএফটি পদ্ধতিতে এ ‘নগদ আর্থিক সহায়তা প্রদান কর্মসূচি’ সফলভাবে বাস্তবায়িত হয়েছে। iBAS++ এ মাত্র চারটি তথ্য- জাতীয় পরিচয় পত্র নম্বর, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও অবস্থান এন্ট্রি করে নির্ভুলভাবে তালিকা প্রণয়ন করে নির্বাচিত সুবিধাভোগীদের মোবাইল বা ব্যাংক অ্যাকাউন্টে আর্থিক সহায়তা দ্রুততার সাথে ও নির্ভুলভাবে সরাসরি প্রদান করা হয়।




**৮৭৯.৫৮** কোটি টাকা
২০২০-২১ অর্থবছরে সাহায্যের পরিমাণ

**১২০৮.৬৩** কোটি টাকা
২০২১-২২ অর্থবছরে সাহায্যের পরিমাণ

দিন-১: ইউএনও অফিসের মাধ্যমে আইবাস++ সিস্টেমে উপকারভোগীদের তথ্য এন্ট্রি

দিন-২: এন্ট্রিকৃত তথ্য যাচাই করার পর বাংলাদেশ ব্যাংকে তথ্য প্রেরণ

iBAS++

দিন-৩: উপকারভোগীদের অ্যাকাউন্টে আর্থিক সহায়তা প্রদান

বাংলাদেশ ব্যাংক

## ম্যানুয়াল পদ্ধতিতে কাজের ধাপসমূহঃ

1. ম্যানুয়াল পদ্ধতিতে উপকারভোগীদের তালিকা নির্বাচন
2. কমিটি কর্তৃক তালিকা অনুমোদন
3. মন্ত্রণালয় থেকে অধিদপ্তরে অর্থ বরাদ্দ
4. অধিদপ্তর কর্তৃক জেলা প্রশাসককে বরাদ্দকৃত অর্থ প্রদান ও জি.ও জারী
5. জেলা প্রশাসক কর্তৃক উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) বরাবর চেক ইস্যু
6. ইউএনও কর্তৃক সাহায্য প্রদান